

শ্রম অভিবাসনকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করতে হবে

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী

ঢাকা-২৪ ফেব্রুয়ারি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, শ্রম অভিবাসনকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করতে হবে। তিনি বলেন, সকল অংশীজনের সহযোগিতায় শ্রম অভিবাসনকে আরো মর্যাদাপূর্ণ অবস্থানে নিয়ে যেতে হবে। তিনি আরোও বলেন, কর্মী প্রেরণের সব প্রক্রিয়া অনলাইন ভিত্তিক করতে হবে। কর্মী প্রেরণের প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সকলকে জবাবদিহিতার আওতায় আনান হবে।

আজ সকাল ১০.৩০ টায় প্রবাসী কল্যাণ ভবনের ব্রিফিং সেন্টারে জাতীয় শ্রম অভিবাসন ফোরামের সামাজিক সংলাপে সভাপতির বক্তৃতায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি একথা বলেন।

সামাজিক সংলাপে উপস্থিত ছিলেন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ও ফোরামের সদস্য সচিব রৌনক জাহান, অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, প্রবাসী কল্যাণ ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক মাহ্তাব জাবিন, উন্নয়ন সহযোগি ও সিভিল সোসাইটির প্রতিনিধিবৃন্দ।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

ফোন : ৪১০৩০৭৮১ (অফিস)

মোবাইল-০১৭১২-৩৮০৪৩৫